

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখ : ০৯ জানুয়ারি ২০০৬

২৬ পৌষ ১৪১২

প্রধান নির্বাহী
বাংলাদেশ কার্যরত সকল বেসরকারী ব্যাংক

প্রিয় মহোদয়,

বেসরকারী ব্যাংকের নতুন শাখা খোলার ক্ষেত্রে শহর ও অশহর/পল্লী এলাকা নির্ধারণ প্রসঙ্গে

উল্লেখ করা যেতে পারে যে, বিদ্যমান নীতিমালা অনুযায়ী বেসরকারী ব্যাংকের নতুন শাখা স্থাপনের ক্ষেত্রে শহর ও অশহর/পল্লী এলাকায় ৪ : ১ অনুপাতে শাখা খোলার বিধান অনুসৃত হয়। এ ক্ষেত্রে 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত পৌরসভা এবং সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় স্থাপিত শাখাকে শহর শাখা হিসেবে এবং 'গ' শ্রেণীভুক্ত পৌরসভাসহ ইউনিয়ন পরিষদ এর আওতাধীন এলাকায় স্থাপিত শাখাকে অশহর/পল্লী শাখা হিসেবে গন্য করা হয়।

ব্যাংকসমূহের শাখা সম্প্রসারণের বিদ্যমান নীতিমালা পর্যালোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এখন থেকে জেলা সদর ও ৩টি বিভাগীয় সদরে স্থাপিতব্য শাখাকে শহর শাখা এবং 'গ' শ্রেণীভুক্ত পৌরসভা, উপজেলা সদর ও ইউনিয়ন পরিষদ পর্যায়ে স্থাপিতব্য শাখাগুলো অশহর/পল্লী এলাকার শাখা হিসেবে গন্য হবে। তবে কোন জেলা সদরের অন্তর্ভুক্ত উপজেলায় (যদি থাকে) স্থাপিতব্য শাখাকে শহর শাখা হিসেবে গন্য করা হবে। এ ক্ষেত্রে শহর এবং অশহর/পল্লী এলাকায় শাখা খোলায় নির্ধারিত অনুপাত ৪ : ১ অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বণিক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫